

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১  
স্বাস্থ্য ও শারীরশিক্ষা  
দ্বিতীয় শ্রেণি

মূল্যবোধের শিক্ষা ও স্বাস্থ্য সচেতনতা

১। বহুর মধ্যে থেকে সঠিক উত্তরটি খুঁজে বার করে শূন্যস্থানটি পূরণ করো।

(ক) আমার প্রতিজ্ঞা :

সব কাজে সব খানে যেন হই সৎ,  
ভালো হয়ে চলবই নিয়েছি \_\_\_\_\_।

(i) শপথ (ii) প্রতিজ্ঞা

(খ) আমার প্রতিজ্ঞা :

সব জাতি ধর্মকে দেব সম্মান,  
\_\_\_\_\_ যে একজাতি আর এক প্রাণ।

(i) সকলে (ii) আমরা

(গ) সুস্বাস্থ্য :

শরীর ও \_\_\_\_\_ যদি তুমি  
সুস্থ রাখতে চাও।

(i) স্বাস্থ্য (ii) মন

(ঘ) সুস্বাস্থ্য :

সময়মতো \_\_\_\_\_ এবং  
নিয়মমতো খাও।

(i) পড়া (ii) ঘুমাও

(ঙ) সুস্বাস্থ্য :

পড়ালেখার পাশাপাশি  
করবে \_\_\_\_\_।

(i) খেলাধুলো (ii) গল্পগুলো

(চ) সুস্বাস্থ্য :

মনের থেকে দূরে রাখবে  
\_\_\_\_\_ ভাবনাগুলো।

(i) মন্দ (ii) দন্দ

(ছ) সুস্বাস্থ্য :

স্নান করবে, হাত পা \_\_\_\_\_  
পোশাক পরবে ঠিক,

(i) ধোবে (ii) ঘষবে

(জ) সুস্বাস্থ্য :

\_\_\_\_\_ চলবে যখন  
দেখবে চতুর্দিক।

(i) ঘরের মধ্যে (ii) রাস্তাঘাটে

(ঝ) সুস্বাস্থ্য :

শরীরটাকে ফিট রাখতে

\_\_\_\_\_ যোগাসন,

(i) করবে (ii) দেখবে

(ঞ) সুস্বাস্থ্য :

বাবা \_\_\_\_\_ কথা শুনে

চলবে সারাক্ষণ।

(i) ভাইয়ের (ii) মায়ের

(ট) দাঁতের যত্ন :

দাঁতে ..... রোগ হতেই পারে

তাই বলি বারবার,

নিয়মিত করতে হবে

দাঁত .....।

(i) ক্ষয়, পরিষ্কার (ii) নয়, পরিষ্কার

(ঠ) চোখের যত্ন :

..... আছে বলেই জেনো

আমরা দেখতে পাই,

চোখের মতো ..... আর

কোনো কিছুই নাই।

(i) দাঁত, দামি (ii) চোখ, দামি

(ড) নখ ও চুলের যত্ন :

(i) নখ কাটার যন্ত্র দিয়ে কাটতে হবে নখ,

নয়তো রোগ বা অসুখ হলে \_\_\_\_\_

ভয়ানক।

(i) বিপদ (ii) আনন্দ

(ঢ) হাঁচি ও কাশি :

হাঁচি আর .....,

থাকে পাশাপাশি।

যদি হয় রোগ,

বাড়ে দুর্ভোগ।

(i) কাশি (ii) জ্বর

(ত) কানের যত্ন :

যানবাহনের বিকট .....,

সহ্য হয় না আর,  
কারখানারও তীব্র শব্দ  
করবে পরিহার।

(i) আওয়াজ (ii) শব্দ

(থ) ত্বকের যত্ন :

খোস-পাঁচড়া ছোঁয়াচে রোগ—

সাবধানেতে থাকো,  
চর্মরোগে নিজেরই ক্ষত

..... করে রাখো।

(i) আড়াল (ii) ওষুধ

২। বহুর মধ্যে থেকে সঠিক উত্তরটি খুঁজে বার করে শূন্যস্থানটি পূরণ করো :

(ক) কানামাছি ভোঁ ভোঁ, যাকে পাবি তাকে ছোঁ

তাকে ছোঁ -

বলো দেখি এই বার, নয় তো হবে হার  
ঘরের ভেতরে ঘর.....

(i) মশারি (ii) ঠাকুরঘর (iii) রান্নাঘর

(গ) কানামাছি ভোঁ ভোঁ, যাকে পাবি তাকে ছোঁ

তাকে ছোঁ -

ছোটো ছোটো গাছে, কৃষ্ণ পেয়াদা নাচে।

.....

(i) জাম (ii) বেগুন (iii) করমচা

(ঙ) ঘুরে ঘুরে বলো তো

‘সিংহ চড়ে দুর্গা এলো

সঙ্গে ছেলে মেয়ে

বন্যাভাসা আলো হাসি

ফেলে ভুবন ছেয়ে।’

সময় দেবো না আর ১,২,৩,৪

(i) জগন্ধাত্রী পূজো (ii) দুর্গাপূজো (iii) কালীপূজো

(ছ) সারা পৃথিবীতে আজ

স্বস্তি বাবুক

শান্তির মেখলায়

মুক্তি আসুক।’

(i) বড়োদিন (ii) নববর্ষ (iii) গুড ফ্রাইডে

(খ) কানামাছি ভোঁ ভোঁ, যাকে পাবি তাকে ছোঁ

এইবার বলো ধাঁধা ভারী শব্দ.....

বন থেকে বেরোলে টিয়ে

টোপর মাথায় দিয়ে

.....।

(i) লঙ্কা (ii) গাজর (iii) টম্যাটো

(ঘ) এইবার বলো দেখি, বুঝি তবে কেরামতি।

অলি অলি পাখিগুলো গলি গলি যায়।

মুদির দোকানে গিয়ে ডিগবাজি খায়

সে যে ডিগবাজি খায় ১,২,৩,৪,

সময় দেবো না আর, পারলে না বলতে

.....

(i) প্যাকেট (ii) ঠোঙা (iii) টাকা

(চ) ‘মিলনের উৎসবে

আমোদের গান

সব ছোটো দোয়া পায়

বড়োরা সেলাম।’

(i) ঈদ (ii) রমজান (iii) মহরম

৩। নিজের পছন্দমতো একটা ছবি আঁকো এবং ছবির সম্বন্ধে দু-একটি বাক্য লেখো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এ প্রশ্নগুলোর উত্তর লিখে বিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশ মতো অভিভাবকদের মাধ্যমে শিক্ষকদের কাছে জমা দিতে হবে। কোনো অবস্থাতেই শিক্ষার্থীরা বিদ্যালয়ে জমা দিতে আসবে না।